উপজেলা স্থায়ী কমিটির নিয়মিত সভা

উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি। বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতিঃ মোসাঃ মাহমুদা খানম রুমা,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ত্রিশাল, ময়মনসিংহ। **তারিখঃ** ২৪ আগস্ট, ২০২১ খ্রিঃ, **সময় ঃ** অপরাহ্ণ ৪.০০ ঘটিকা ।

অংশ গ্রহণকারীর তালিকা ও হাজিরা

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | সদস্য সচিব | |
| ০২। | জনাব মোঃ আবুল কালাম | চেয়ারম্যান, মোক্ষপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল,ময়মনসিংহ | সদস্য | |
| ০৩। | জনাব আব্দুল্লাহ আল মামুন | যুগ্ম সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, ত্রিশাল, ময়মনসিংহ। | সদস্য | |
| ০৪। | জনাব মাহাবুবুল আলম | সাধারণ সম্পাদক, উপজেলা কৃষক লীগ, ত্রিশাল, ময়মনসিংহ | সদস্য | |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী জনাব মোঃ মনিরুজ্জামান কে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|
| ত্রিশাল উপজেলায় নিরাপদ সড়ক যোগাযোগ ও বেকারসমস্যা সমাধানের লক্ষ্যে **"ত্রিশাল উপজেলার বেকার যুবক/যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ"** এর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আপনারা অবগত আছেন যে, সমগ্র বিশ্ববাসীর সাথে আমরাও করোনা মহামারির বিপর্যায়ের ফলে অর্থনৈতিক ও বেকার সমস্যা মতো নানাবিধ সমস্যার মধ্য দিয়ে সময় পার করছি আবার বাংলাদেশের সড়কপথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষ চালকের অভাব প্রচন্ড। বেকার সমস্যায় সকলের জন্য চাকুরি প্রদান করা সরকারের পক্ষে দুঃসাধ্য। কর্মক্ষম যুবদের বেকার সমস্যা, কারিগরী দক্ষতার অভাবে কর্মসংস্থান হচ্ছে না।তবে বেকার যুব ও নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাদের হাতে-কলমে সঠিক প্রশিক্ষণ প্রদান করা হলে তারা স্বাবলম্বি হতে একধাপ এগিয়ে যেতে পারবে এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে পারবে।<br>সভাপতি মহোদয় জানান, উপজেলা পরিষদের অনুমোদন পেলে আগামী অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের যে প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে সেখানে আমরা **"ত্রিশাল উপজেলার বেকার যুবক / যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ"** শীর্ষক একটি প্রশিক্ষণের প্রস্তাব করতে পারি।<br>সভার সকলেই এ প্রস্তাব সমর্থন করেন এবং "ত্রিশাল উপজেলার বেকার যুবক / যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | সিদ্ধান্তঃ<br>**"ত্রিশাল উপজেলার বেকার যুবক / যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ"** শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় এ বিষয়টি উপস্থাপন করা হবে এবং উপজেলা পরিষদের সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোসাঃ মাহমুদা খানম রুমা )**
**সভাপতি,** উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি ও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
ত্রিশাল, ময়মনসিংহ।
তারিখ: ২৪ আগস্ট, ২০২১ খ্রিঃ

বিতরণঃ - কমিটির সদস্য
- উপজেলা চেয়ারপারসন
- ইউএনও
- সংশ্লিষ্ট বিভাগের প্রধান

অনুলিপিঃ অফিস ফাইল/নথি

**উপজেলা স্থায়ী কমিটির নিয়মিত সভা**

উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি। বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতিঃ মোসাঃ মাহমুদা খানম রুমা,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ত্রিশাল, ময়মনসিংহ। **তারিখঃ** ২৫ জুলাই, ২০২১ খ্রিঃ, **সময় ঃ** অপরাহ্ন ৪.০০ ঘটিকা ।

**অংশ গ্রহণকারীর তালিকা ও হাজিরা**

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | সদস্য সচিব | |
| ০২। | জনাব মোঃ আবুল কালাম | চেয়ারম্যান, মোক্ষপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল,ময়মনসিংহ | সদস্য | |
| ০৩। | জনাব আব্দুল্লাহ আল মামুন | যুগ্ম সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, ত্রিশাল, ময়মনসিংহ। | সদস্য | |
| ০৪। | জনাব মাহাবুবুল আলম | সাধারণ সম্পাদক, উপজেলা কৃষক লীগ, ত্রিশাল, ময়মনসিংহ | সদস্য | |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী জনাব মোঃ মনিরুজ্জামান কে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্ব প্রাপ্ত |
|---|---|---|---|
| ত্রিশাল উপজেলায় মান সম্পন্ন উন্নয়ন কাজ করার ও বেকার সমস্যা সমাধানের লক্ষ্যে "ত্রিশাল উপজেলার নিমার্ণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রি) দের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" এর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আমাদের উপজেলায় মান সম্মত অবকাঠামো উন্নয়ন কাজের প্রধান বাধা হলো দক্ষ নির্মান শ্রমিকের অভাব। আর এ বিষয়ে কর্মক্ষম যুবদের কারিগরী দক্ষতা বৃদ্ধির কোন শিক্ষণ কার্যক্রম ও এখানে পরিচালিত হয় না বলে এ অন্তরায় ধূর করারও কোন পথ তৈরী হয়নি। ফলে দরিদ্র মেধাবী তরুণদের এ পেশার মাধ্যমে ভাল আয় করার উপায় থাকলেও তারা এ পেশায় আসার আগ্রহ বোধ করে না বরং দিন দিন ভালো নির্মান শ্রমিকের সংখ্যা কমেই যাচ্ছে এবং উন্নয়ন কর্মকান্ড ব্যহত হচ্ছে। তবে নির্মান শ্রমিকদের কর্মদক্ষতা বৃদিধর ও বেকারদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাদের হাতে-কলমে সঠিক প্রশিক্ষণ প্রদান করা হলে তারা দক্ষতা অর্জনের মাধ্যমে স্বাবলম্বি হতে পারবে এবং দেশের মান সম্পন্ন অবকাঠামো উন্নয়নে অবদান রাখতে পারবে।<br>সভাপতি মহোদয় জানান, উপজেলা পরিষদের অনুমোদন পেলে আগামী অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের যে প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে সেখানে আমরা " ত্রিশাল উপজেলার নিমার্ণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রি) দের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ।" শীর্ষক একটি প্রশিক্ষণের প্রস্তাব করতে পারি।<br>সভার সকলেই এ প্রস্তাব সমর্থন করেন এবং " ত্রিশাল উপজেলার নিমার্ণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রি) দের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | সিদ্ধান্তঃ<br>" ত্রিশাল উপজেলার নিমার্ণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রি) দের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ।" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় এ বিষয়টি উপস্থাপন করা হবে এবং উপজেলা পরিষদের সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ মাহমুদা খানম রুমা )
সভাপতি, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটি ও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
ত্রিশাল, ময়মনসিংহ।
তারিখ: ২৫ জুলাই, ২০২১ খ্রিঃ

বিতরণঃ - কমিটির সদস্য
- উপজেলা চেয়ারপারসন
- ইউএনও
- সংশ্লিষ্ট বিভাগের প্রধান

অনুলিপিঃ অফিস ফাইল/নথি